

জরুরী নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি নীতিমালা অনুযায়ী বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) গত ০৯ অক্টোবর ২০১৬ তারিখে মেধাভিত্তিক শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ১২,৬১৯ শূন্য পদে প্রার্থী সুপারিশ করেছে। সুপারিশকৃত পদে ফল প্রকাশের তারিখ হতে এক মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্বাচিত প্রার্থী/প্রার্থীদের নিয়োগপত্র জারি করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২,৩৯৩ জন প্রার্থী একাধিক পদে প্রাথমিকভাবে মেধাক্রমের ভিত্তিতে নিয়োগের জন্য নির্বাচিত হয়েছেন। যে সকল প্রার্থী একের অধিক পদে নির্বাচিত হয়েছেন তারা তাদের পছন্দনুযায়ী একটি পদ নির্বাচন করবেন এবং অন্য পদগুলোতে স্বয়ংক্রিয়ভাবে অতিসত্ত্বর পরবর্তী মেধার ভিত্তিতে প্রার্থী সুপারিশ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও প্রার্থীদের অবহিত করা হবে। এনটিআরসিএ কর্তৃক নির্বাচিত শিক্ষক প্রার্থীগণ তাদের নির্ধারিত পদে যোগদানের ক্ষেত্রে যে কোন ধরনের হয়রানির শিকার হলে এনটিআরসিএকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন। চাহিদা সংশ্লিষ্ট কোন পদে নিয়োগের বিরুদ্ধে কোন মামলা/আইনগত নিষেধাজ্ঞা থাকলে সে বিষয়ে আইনগত যথাযথ পদক্ষেপ গ্রহণের সকল দায়দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের।

যে সকল প্রার্থী শুধুমাত্র একটি প্রতিষ্ঠানের বিপরীতে সুপারিশপ্রাপ্ত হয়েছেন সে সকল প্রার্থী <http://ngi.teletalk.com.bd> অথবা www.ntrca.gov.bd ওয়েবসাইটে লগ-ইন করে Recommendation letter ডাউনলোড করবেন। ইতোমধ্যে প্রতিষ্ঠান প্রধানদের নিকট তাঁর প্রতিষ্ঠানের জন্য সুপারিশকৃত প্রার্থী/প্রার্থীদের নামের তালিকা অনলাইনে প্রেরণ করা হয়েছে এবং SMS এর মাধ্যমে অবহিত করা হয়েছে।

চেয়ারম্যান
এনটিআরসিএ